

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল
জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
www.cevt.gov.bd

নথি নং-সিইভিটি/ব্যক্তিগত/মোঃ ছৈয়দ আলী (সবুজ)/৮৭/২০১৬

তারিখ: ১২/২০২১ খ্রিঃ।

অফিস আদেশ

জনাব মোঃ ছৈয়দ আলী (সবুজ), নিরাপত্তা প্রহরী (শিক্ষানবীশ) হিসেবে কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকায় কর্মরত থাকা অবস্থায় নিরাপত্তা প্রহরী হওয়া সত্ত্বেও তিনি ২৪/০৬/২০২১ খ্রিঃ হতে ০৬/১১/২০২১ খ্রিঃ পর্যন্ত (৬০ দিনের অধিক) রাত্রিকালিনসময়ে অনুমোদনবিহীনভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী “অসদাচরণ” হিসেবে বিবেচিত। কর্তৃপক্ষের বিধিসম্মত আদেশ অমান্য, তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন না করা ও রাতের বেলা ধারাবাহিকভাবে ৬০ দিনের অধিক সময় কর্মস্থলে অনুপস্থিত থাকা; অর্থাৎ তাঁর এহেন কার্যকলাপ ও আচরণ চাকুরী অসন্তোষজনকের সামিল বিধায় জনাব মোঃ ছৈয়দ আলী (সবুজ), নিরাপত্তা প্রহরী (শিক্ষানবীশ)-কে চাকুরী (আচরণ ও কার্যকলাপ) সন্তোষজনক না হওয়ার কারণে তাঁর নিয়োগপত্রের (নং-সিইভিটি/দৈনিক ভিত্তিক কর্মচারী নিয়োগ-০১/৯৭/৪১৫৯; তাং-২৯/১১/২০১৬ খ্রিঃ) ২ নং শর্ত অনুযায়ী কেন চাকুরী হতে অপসারণ/ অব্যাহতি (Termination) করা হবে না মর্মে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশের বিপরীতে অভিযুক্ত ব্যক্তি লিখিত জবাব দাখিল করেছেন কিন্তু তাঁর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিষয়টি অধিকতর তদন্তের প্রয়োজনে নিম্নের হকে উল্লিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি তদন্ত কমিটি/বোর্ড গঠন করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	
০১	জনাব মোঃ কাওছার মৃধা, সহকারী রাজস্ব কর্মকর্তা।	সদস্য।
০২	জনাব মোঃ নাসিমুল হক, সহকারী রাজস্ব কর্মকর্তা।	সদস্য।

৩। তদন্ত কমিটির কার্যপরিধি:

- (ক) এ দপ্তরের কর্মচারীদের (বিশেষ করে যাঁদের কাছে এ দপ্তরের প্রবেশ দ্বারের চাবি থাকে) বক্তব্য গ্রহণ।
(খ) জীবন বীমা ভবনের নিরাপত্তা প্রহরীর বক্তব্য গ্রহণ।
(গ) সিসিটিভি ফুটেজ (যদি থাকে) পর্যালোচনা।
(ঘ) কর্মচারীগণের দৈনিক হাজিরা খাতা পর্যালোচনা ইত্যাদি।

৪। তদন্ত কমিটিকে আগামী ০৪/০১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে বস্তুনিষ্ঠ তদন্ত প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর নিকট দাখিল করতে নির্দেশ প্রদান করা হলো।

(ড. মোঃ সহিদুল ইসলাম)

প্রেসিডেন্ট

ফোন: ৯৫৫৬৩১৭

তারিখ: ১২/১২/২০২১ খ্রিঃ।

নথি নং-সিইভিটি/ব্যক্তিগত/মোঃ ছৈয়দ আলী (সবুজ)/৮৭/২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জ্ঞান্য:

- ১। জনাব মোঃ কাওছার মৃধা, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২। জনাব মোঃ নাসিমুল হক, সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৩। জনাব মোঃ ছৈয়দ আলী (সবুজ), নিরাপত্তা প্রহরী (শিক্ষানবীশ), কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা।

৪। ওয়েবসাইট/নোটিশ বোর্ড/অফিস কপি।

(মোঃ মাহবুবুর রহমান)

রেজিস্ট্রার